

সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২১০

১৩/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ১৩. সেই দিন আসার আগে দান-সদকায় উৎসাহ প্রদান যেদিন তার কোন গ্রহীতা পাওয়া যাবে না

আরবী

وَحَدَّتَنَا عَبْدُ اللَّهِ بْنُ بَرَّادِ الأَشْعَرِيُّ، وَأَبُو كُرَيْبِ مُحَمَّدُ بْنُ الْعَلاَءِ قَالاَ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ عَنْ بُرَيْدٍ، عَنْ أَبِي بُرْدَةَ، عَنْ أَبِي مُوسَى، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " لَيَأْتِيَنَّ عَلَى النَّاسِ زَمَانٌ يَطُوفُ الرَّجُلُ فِيهِ بِالصَّدَقَةِ مِنَ الذَّهَبِ ثُمَّ لاَ يَجِدُ أَحَدًا يَأْخُذُهَا مِنْهُ وَيُرَى الرَّجُلُ الْوَاحِدُ يَتْبَعُهُ أَرْبَعُونَ امْرَأَةً يَلُذْنَ بِهِ مِنْ قِلَّةِ الرِّجَالِ وَكَثْرَةِ النِّسَاءِ " . وَفِي رَوَايَةِ ابْن بَرَّادِ " وَتَرَى الرَّجُلَ " .

বাংলা

২২১০। আবদুল্লাহ ইবনু বাররাদ আশ'আরী ও আবৃ কুরায়ব মুহাম্মাদ ইবনুল আলা (রহঃ) ... আবৃ মূসা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, মানুষের এমন এক সময় আসবে যখন সোনা নিয়ে সাদাকা করার জন্য লোক ঘুরে বেড়াবে কিন্তু তা নেয়ার মতো কাউকে পাওয়া যাবে না। আরো দেখা যাবে যে, পুরুষের সংখ্যা সল্পতা ও নারীদের আধিক্যের দরুন চল্লিশজন নারী একজন পুরুষের অধীনস্থ হবে এবং তারা তার আশ্রয় গ্রহন করবে। ইবনু বাররাদ (রহঃ) এর অপর এক রিওয়ায়াতে আছে "তুমি এক ব্যাক্তিকে দেখতে পাবে।"

English

Abu Musa reported Allah's Messenger (ﷺ) as saying:

There would come a time for the people when a person would roam about with Sadaqa of gold, but he would find no one to accept it from him. And a man would be seen followed by forty women seeking refuge with him on account of the scarcity of males and abundance of females."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন